

যুগ্মসচিব
নির্বাচন ব্যবস্থাপনা-১ অনুবিভাগ
নির্বাচন কমিশন সচিবালয়
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
জাতীয় সংসদের সংরক্ষিত মহিলা আসনের নির্বাচন-২০২১
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা

নং-১৭.০০.০০০০.০২৩.৩৬.০০১.১৯-২৮৫

তারিখ: ০৮ কার্তিক ১৪২৮ / ২৪ অক্টোবর ২০২১

বিজ্ঞপ্তি

মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে একাদশ জাতীয় সংসদের সংরক্ষিত মহিলা আসনে শূন্য পদে নির্বাচনের মনোনয়নপত্র দাখিলের সময়সীমা ছিল ১৭ অক্টোবর ২০২১/ ০১ কার্তিক ১৪২৮ তারিখ রবিবার সকাল ৯-০০ টা হতে বিকাল ৫-০০ টা পর্যন্ত। উল্লিখিত সময়ের মধ্যে জাতীয় পার্টির মনোনীত প্রার্থী শেরীফা কাদের-এর মনোনয়নপত্র দাখিল করা হয়। দাখিলকৃত মনোনয়নপত্র পূর্ব ঘোষিত সময়সূচি অনুসারে ১৮ অক্টোবর ২০২১/ ০২ কার্তিক ১৪২৮ তারিখ সোমবার সকাল ১১-৩০ টা হতে বাছাই করতঃ উক্ত মনোনয়নপত্র গৃহীত হয়। জাতীয় সংসদ (সংরক্ষিত মহিলা আসন) নির্বাচন আইন, ২০০৪ অনুসারে বৈধভাবে মনোনীত প্রার্থীর নামের তালিকা প্রকাশ করা হয়।

প্রার্থিতা প্রত্যাহারের জন্য নির্ধারিত সময় ২৩ অক্টোবর ২০২১ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে জাতীয় পার্টির মনোনীত প্রার্থী শেরীফা কাদের প্রার্থিতা প্রত্যাহার করেননি। জাতীয় সংসদ (সংরক্ষিত মহিলা আসন) নির্বাচন আইন, ২০০৪ এর ধারা ১২ এর উপ-ধারা (১) অনুসারে তফসিলে বর্ণিত প্রার্থীর চূড়ান্ত তালিকা প্রস্তুত করে এতদসংগে প্রকাশ করা হলো।

২৪/১০/২১
(মোঃ আবুল কাসেম)
যুগ্মসচিব
নির্বাচন ব্যবস্থাপনা-১ অনুবিভাগ
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
ও
রিটার্নিং অফিসার
জাতীয় সংসদের সংরক্ষিত মহিলা আসনের নির্বাচন-২০২১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশ করার জন্য]
৩। পরিচালক (জনসংযোগ) ও যুগ্মসচিব (চলতি দায়িত্ব), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৪। উপসচিব (সাধারণ সেবা অধিশাখা), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নোটিশ বোর্ডসহ প্রকাশ্য স্থানে টাঙ্গিয়ে প্রকাশ করার জন্য]
৫। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এঁর একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এঁর সদয় অবগতির জন্য), ঢাকা
৬-৯। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিবগণ (মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য), ঢাকা।